গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বটিয়াঘাটা, খুলনা।
WWW.batiaghatakhulna.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৪৭১২.০০০.২৭.০০২.২৬- ৭১৫

তারিখ: ২২ মাঘ ১৪৩২
০৫ ফেব্রুয়ারি ২০২৬

## ১৪৩৩ সনের খেয়াঘাটের ইজারা বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের হস্তান্তরিত ফেরীঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত আয় বন্টন নীতিমালা ২০০৩ মোতাবেক বটিয়াঘাটা উপজেলার নিম্ন-তফশিল বর্ণিত বিভিন্ন ফেরী/খেয়াঘাটের বাংলা ১৪৩৩ সনের ০১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছর সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত ১ম পর্বের শুধু মাত্র পেশাদার পাটনীগণের নিকট থেকে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে ।

উল্লেখ্য, ১ম পর্বে যে সমস্ত ফেরীঘাট/খেয়াঘাটের বিপরীতে দাখিলকৃত দরপত্র কাঙ্খক্ষিত সরকারি ইজারা মূল্য পাওয়া যাবে এবং কমিটি কর্তৃক ইজারা প্রস্তাব অনুমোদিত হবে সেগুলি বাদে অবশিষ্ট ফেরীঘাট/খেয়াঘাটের জন্য পেশাদার পাটনীসহ অন্যান্য আগ্রহী ব্যক্তির নিকট থেকে পরবর্তী পর্বে ইজারার জন্য প্রাপ্ত দরপত্র বাছাই করা হবে। নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), বটিয়াঘাটা, খুলনা, সোনালী ব্যাংক লিঃ, বটিয়াঘাটা শাখা ও অফিসার ইনচার্জ, বটিয়াঘাটা থানাসহ জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, খুলনা হতে দফাওয়ারি ধার্য তারিখসমূহে অ-ইজারাকৃত ফেরী/খেয়াঘাট দরপত্র/সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিনে কোন দরপত্র বিক্রয় করা যাবে না।

### তফশীল

| ক্রমিক নং | ফেরীঘাট/খেয়াঘাটের নাম | ইউনিয়নের নাম | বাংলা ১৪৩৩ সনের সম্ভাব্য ইজারা মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১। | বিরাট-বটিয়াঘাটা | বটিয়াঘাটা-বালিয়াডাঙ্গা | ১০,৩৫,২৮৪/- | =২,৮০০/- |
| ২। | ফুলতলা-বুঝবুনিয়া | বটিয়াঘাটা-বালিয়াডাঙ্গা | ৫,২৯,৭৬০/- | =১,৮০০/- |
| ৩। | কাতিয়ানাংলা-শিয়ালীডাঙ্গা | ভান্ডারকোট-গঙ্গারামপুর | ১৩,৬৯,৫১১/- | =৩,৪০০/- |
| ৪। | গোপালখালী-হালিয়া | ভান্ডারকোট-গঙ্গারামপুর | ২,৫১,৭৬২/- | =১,২০০/- |
| ৫। | বারআড়িয়া-রায়পুর | সুরখালী | ১,৭৬,৫৫০/- | =১,০০০/- |
| ৬। | শৈলমারী খেয়াঘাট | জলমা-বটিয়াঘাটা | ৪,৯৫,০০০/- | =১৬০০/- |

### দরপত্র বিক্রয়, দাখিল ও খোলার সময়

| পর্ব | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|
| ১ম | ১৭/০২/২০২৬ খ্রিঃ তারিখ, অফিস চলাকালিন সময় পর্যন্ত, (সরকারি ছুটির দিন বাদে) | ১৮/০২/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখাসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বটিয়াঘাটা, খুলনা। | ১৮/০২/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বটিয়াঘাটা, খুলনা। |
| ২য় | ২৪/০২/২০২৬ খ্রিঃ অফিস চলাকালিন সময় পর্যন্ত, (সরকারি ছুটির দিন বাদে) | ২৫/০২/২০২৬ খ্রিঃ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখাসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বটিয়াঘাটা, খুলনা। | ২৫/০২/২০২৬ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বটিয়াঘাটা, খুলনা। |
| ৩য় | ০৩/০৩/২০২৬ খ্রিঃ অফিস চলাকালিন সময় পর্যন্ত, (সরকারি ছুটির দিন বাদে) | ০৪/০৩/২০২৬ খ্রিঃ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখাসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বটিয়াঘাটা, খুলনা। | ০৪/০৩/২০২৬ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বটিয়াঘাটা, খুলনা। |
| ৪র্থ | ১০/০৩/২০২৬ খ্রিঃ অফিস চলাকালিন সময় পর্যন্ত, (সরকারি ছুটির দিন বাদে) | ১১/০৩/২০২৬ খ্রিঃ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখাসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বটিয়াঘাটা, খুলনা। | ১১/০৩/২০২৬ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বটিয়াঘাটা, খুলনা। |
| ৫ম | ১৫/০৩/২০২৬ খ্রিঃ অফিস চলাকালিন সময় পর্যন্ত, (সরকারি ছুটির দিন বাদে) | ১৬/০৩/২০২৬ খ্রিঃ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখাসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বটিয়াঘাটা, খুলনা। | ১৬/০৩/২০২৬ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বটিয়াঘাটা, খুলনা। |

০৫-০২-২০২৬

চলমান পাতা-০২

CamScanner

ফেরী/খেয়াঘাট ইজারার শর্তাবালী

১। বাংলা ১৪৩৩ সনের ০১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ০১ (এক) বছরের মেয়াদকালের জন্য আন্ত: ইউনিয়ন ফেরী/খেয়াঘাট ইজারা দেয়া হবে।

২। জন্মগত পেশাদার পাটনীর ক্ষেত্রে যে ঘাটের দরপত্রে অংশ গ্রহণ করবেন সেই ঘাটের নাম উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (উভয় পাড়ের) এর হালনাগাদ পাটনীর সনদপত্র এবং তিনি/তার পিতা অতীতে যে ফেরী/খেয়াঘাটের ইজারা প্রাপ্ত হয়েছেন সেই ঘাটের ইজারার অনুমোদনপত্র দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে ।

৪। প্রথম পর্বের পেশাদার পাটনী এবং তারপর অন্যান্য পর্ব সমূহে সর্বসাধারণ অংশগ্রহণ করতে পারবে। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় ফেরীঘাটের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৫। **টেন্ডারে** অংশ গ্রহণকারীর আইডি কার্ডের ফটোকপি দাখিলসহ অংশ গ্রহণকারীর ০৩(তিন)টি টিপসই/স্বাক্ষর সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত করে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৬। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দরগ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট ফেরী/খেয়াঘাটের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৭। খামের উপর দরদাতার নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও খেয়া/ফেরীঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সরকার অনুমোদিত টোলরেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে খেয়া/ফেরীঘাটের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

০৯। প্রত্যেক খেয়া /ফেরী ঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের নিম্নে মোবাইল ফোন নম্বরসহ স্বাক্ষর করতে হবে।

১০। ইজারাদার কোন ক্রমেই ফেরী/খেয়াঘাট অন্যের নিকট সাব-লিজ দিতে পারবে না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্গন করা হয়। তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১১। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট আয়করসহ) পরিশোদের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্টাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১২। দুই বা ততোধিক দরদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক খেয়া/ ফেরী ঘাটের ইজারা না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

১৬।খেয়া/ ফেরীঘাটের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ি সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। খেয়া/ফেরীঘাটের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

CamScanner

১৮। ইজারাকৃত খেয়া/ ফেরীঘাটের অভ্যন্তরে সরকারি দালানকোটা, গাছপালাসহ অন্যান্য সম্পদেরও কোন ক্ষতি করা যাবে না। এমন কি অবকাঠামোগত/শ্রেণী পরিবর্তনও করার আদেশ দেয়া যাবে না।

১৯। খেয়া/ ফেরীঘাটের ইজারার টাকা পরিশোধে ব্যর্থ হওয়ার কারণে কোন বছরের জন্য সরাসরি ডিফল্টার হলে বা তার বিরুদ্ধে সি সি মামলা হলে তিনি টেন্ডারে অংশ গ্রহণ করতে পারবেন না। সে কারণে তার সিডিউল বাতিল বলে গণ্য হবে।

২০। সরকার কর্তৃক সময় সময় জারীকৃত যে কোন আদেশ/পরিপত্রের নির্দেশ মতে ব্যবস্থাদি ইজারাদার প্রতিপালনে বাধ্য থাকিবেন।

২১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করিবেন।

থান্দার কামরুজ্জামান
আহবায়ক
আন্তঃ ইউনিয়ন ফেরী/খেয়াঘাট ইজারা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বটিয়াঘাটা, খুলনা।
unobatiaghata@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৪৭১২.০০০.২৭.০০২.২৬- ৭১৫

তারিখ: মাঘ ১৪৩২ / ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, খুলনা
২। পুলিশ সুপার, খুলনা
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা
৫। উপজেলা-----------------------------------------অফিসার, বটিয়াঘাটা, খুলনা
৬। সহকারী কমিশনার (ভূমি), বটিয়াঘাটা, খুলনা
৭। অফিসার ইনচার্জ, বটিয়াঘাটা, খুলনা
৮। চেয়ারম্যান/প্রশাসক --------------------------------------ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা, খুলনা। তাকে নিজ এলাকায় বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,----------------------------------ইউনিয়ন ভূমি অফিস, বটিয়াঘাটা, খুলনা। তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক ভাবে ঢোল সহরত এর মাধ্যেমে হাট-বাজারে প্রচারের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১০। সভাপতি/সম্পাদক উপজেলা প্রেসক্লাব/বটিয়াঘাটা প্রেসক্লাব, বটিয়াঘাটা, খুলনা।
১১। জনাব ------------------------ -প্রাক্তন ইজারাদার-------------------------------ফেরী/খেয়াঘাট, বটিয়াঘাটা, খুলনা।
১২। উপজেলা আইসিটি কর্মকর্তা, বটিয়াঘাটা, খুলনা বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো
১৩। অফিস কপি।

০৫-০২-২০২৬

থান্দার কামরুজ্জামান
আহবায়ক
আন্তঃ ইউনিয়ন ফেরী/খেয়াঘাট ইজারা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বটিয়াঘাটা, খুলনা।

CamScanner